মশা দমনে দেশীয় প্রযুক্তি ব্যবহারের আহ্বান স্থানীয় সরকারমন্ত্রীর



বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম। ছবি: সংগৃহীত

মশা নিয়ন্ত্রণে দেশীয় উদ্ভাবন ও প্রযুক্তির কার্যকারিতা যাচাই করে তা বাস্তবায়নে সিটি করপোরেশনগুলোকে উদ্যোগী হওয়ার আহ্বান জানিয়েছেন স্থানীয় সরকারমন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর।

সোমবার (২০ জুলাই) রাজধানীর রমনায় ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশনে 'ইয়ুথ টু ওয়ার্ল্ড' আয়োজিত মশা নিয়ন্ত্রণ প্রযুক্তি বিষয়ক অনুষ্ঠানে ভার্চুয়ালি যুক্ত হয়ে তিনি এ আহ্বান জানান।

মন্ত্রী বলেন, বর্তমানে মশা দমনে ব্যবহৃত রাসায়নিক প্রত্যাশিত ফল দিচ্ছে না। এ অবস্থায় দেশীয়ভাবে উদ্ভাবিত রাসায়নিক ও প্রযুক্তি কার্যকর হতে পারে। তাই এসব উদ্ভাবনের পরীক্ষামূলক প্রয়োগের মাধ্যমে এর সক্ষমতা মূল্যায়ন করা প্রয়োজন।

তিনি আরও বলেন, ডেঙ্গু ও চিকুনগুনিয়ার বর্তমান মৌসুমে মশার লার্ভা ধ্বংস করাই সবচেয়ে গুরুত্বপূর্ণ কাজ। নতুন প্রযুক্তির সফল পরীক্ষামূলক ব্যবহার সম্ভব হলে সিটি করপোরেশন ও উদ্ভাবকদের যৌথ উদ্যোগ মশা নিয়ন্ত্রণে ইতিবাচক ভূমিকা রাখবে।

LENS ASIA